MAR. 0 3 2000
MAR. 0 4 2000

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

Dhaka : Friday 3 March 2000
ঢাকা ঃ শুক্রবার ২০শে ফাল্গুন ১৪০৬

# ভর্তির আগেই এক বছর অপচয়

আমাদের দেশের অধিকাংশ সেক্টরেই দেখা যায় পরিকল্পনাহীনতা ও সমন্বয়হীনতার ছাপ। শিক্ষা ক্ষেত্রেও এর ব্যতিক্রম নয়। কর্তৃপক্ষের গাফিলতি ও উদাসীনতার কারণে লাখ লাখ শিক্ষার্থীকে ঘরে বসে থাকতে হচ্ছে। অপচয় হচ্ছে শিক্ষার্থীদের মূল্যবান সময়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের খামখেয়ালিপনার কারণে প্রথম বর্ষে ভর্তি হতে আগ্রহী ছাত্রছাত্রীদের প্রায় এক বছর ঘরে বসে থাকতে হয়। ফলে দেশের সেশনজট কবলিত বিশ্ববিদ্যালয়গুলোতে সেশনজট আরো বেড়ে গিয়ে একাডেমিক কার্যক্রমের ধারাবাহিকতায় বিঘ্ন ঘটছে। সকলের অলক্ষ্যে ছাত্র-ছাত্রীদের জীবন থেকে ঝরে যাচ্ছে মূল্যবান একটি বছর। ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয়সহ দেশের দশটি বিশ্ববিদ্যালয় এ দীর্ঘ সময় অপচয় করছে কেবল প্রথম বর্ষে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার কাজে। অথচ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সচেতন হলে এ সময়কালে একটি সেমিস্টার বা একটি সেশন শেষ করা যেত। সেশনজট অনেকাংশে লাঘব করা হতো।

খোঁজ নিয়ে জানা যায় যে, ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষের এইচএসসি পরীক্ষা গত বছর ৬ই মে থেকে শুরু হয়। এই পরীক্ষার ফল ঘোষণা করা হয় ১৯শে আগস্ট। এইচএসসি পরীক্ষায় প্রায় ৩ লাখ ছাত্রছাত্রী উত্তীর্ণ হয়েছে। ৬ মাস আগে ফল প্রকাশিত হলেও এখনো পর্যন্ত অধিকাংশ বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়া শুরু হয়নি। যত দূর জানা যায়, আগামী ১লা মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরম বিতরণ করা হবে। ভর্তি প্রক্রিয়া শেষ করে ক্লাস আরম্ভ হবে আগামী জুন মাসে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়ে এখনো ভর্তি প্রক্রিয়া শুরু হয়নি। বরাবরের মত ভর্তি প্রক্রিয়ায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এবারও পিছিয়ে আছে। আগামী জুলাই মাসে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হওয়ার কথা। মেডিক্যাল কলেজগুলোতে ভর্তি পরীক্ষা আগামী ২৫শে মার্চ শুরু হচ্ছে। শুধুমাত্র বুয়েটেই গত ২২শে জানুয়ারি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

মেডিক্যাল কলেজ ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তির আগে বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তি করলে সমস্যার সৃষ্টি হয় বলে বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের পক্ষ থেকে বলা হয়ে থাকে। বিশ্ববিদ্যালয়গুলোতে আগে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করলে শিক্ষার্থীরা বুয়েট ও মেডিক্যাল কলেজে ভর্তির সুযোগ পেলে চলে যায়। ফলে ওইসব আসন অনেক সময় খালি পড়ে থাকে। মূলত এ কারণেই মেডিক্যাল কলেজ ও বুয়েটে ভর্তি প্রক্রিয়া শেষ হলে অন্যান্য বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়া শুরু হয় বলে যুক্তি দেয়া হয়।

ফলাফল প্রকাশের পর যাতে শিক্ষার্থীদের অহেতুক বসে থাকতে না হয়, সেজন্য মেডিক্যাল কলেজ ও বুয়েটে ভর্তি প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করা উচিত। উচ্চ শিক্ষার্থীদের মূল্যবান সময় যেন গোড়াতেই এভাবে অপচয় না হয় সে জন্য বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ ও বুয়েট কর্তৃপক্ষকে কার্যকর পদক্ষেপ নেয়া দরকার। এসব শিক্ষা প্রতিষ্ঠানের একটি সমন্বিত নীতিমালার আওতায় আনা যেতে পারে। বিশ্বের কোথাও একটি সেশন শুরু হওয়ার আগে এক বছর শিক্ষার্থীদের বসিয়ে রাখার কোন নজির দেখা যায় না। আমাদের দেশেও যেন শিক্ষার্থীদের একটি দিনও অকারণ অপচয় না হয় সে ব্যাপারে কর্তৃপক্ষকে আন্তরিক হতে হবে।